নং ৪০.০১০.০৩৮.০১.০০.০৯৪.২০১০-১০৩০—যেহেতু জনাব মোঃ সহিদুল ইসলাম, পরিদর্শক (প্রকৌশল), বর্তমানে উপ-মহাপরিদর্শক (চলতি দায়িত্ব) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর বিরুদ্ধে রানা প্লাজা ভবন ধসের ঘটনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) ধারায় অভিযোগ আনয়ন করে একই বিধির ১১(১) ধারায় সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু উপরোক্ত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে ১৪/২০১৩ নং বিভাগীয় মামলা রুজুকরতঃ ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়েছে।

যেহেতু বিষয়টি আরো খতিয়ে দেখার জন্য আনুষ্ঠানিক তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ মন্ত্রণালয়ের উপসচিব, অধিশাখা-৬-কে একই বিধিমালার ৭(২)(বি) ও (সি) উপ-বিধি মোতাবেক গত ০২-০৯-২০১৩ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু তদন্ত কর্মকর্তা "সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সহিদুল ইসলাম এর বিরুদ্ধে রানা প্লাজা ভবন ধসের ঘটনার সময় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত থাকার অভিযোগ প্রমাণিত হয় না এবং তিনি "নির্দোষ" মর্মে তদন্ত প্রতিবেদনে মতামত প্রদান করেছেন।

সেহেতু প্রাপ্ত নথিপত্র, ব্যক্তিগত শুনানী ও তদন্ত কর্মকর্তার মতামত বিবেচনায় জনাব মোঃ সহিদুল ইসলাম, পরিদর্শক (প্রকৌশল), বর্তমানে উপ-মহাপরিদর্শক (চলতি দায়িত্ব) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপ-মহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর-কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

মিকাইল শিপার
সচিব।

[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

অধিশাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ৭ জ্যৈষ্ঠ ১৪২১/২১ মে ২০১৪

নং সবিম/শাঃ ৩/কপি-৩৭/২০০৮ (অংশ-১)/১৭২—কপিরাইট আইন ২০০০ (২০০৫ সালে সংশোধিত) এর আওতায় মেধাস্বত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকর্ডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন এবং পাইরেসির মাধ্যমে অডিও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি সফ্টওয়্যার ইত্যাদি প্রস্তুত ও বিক্রি বন্ধকল্পে সরকার নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স পুনর্গঠন করল ঃ

আহ্বায়ক

(১) যুগ্মসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) উপসচিব (সংশ্লিষ্ট), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ

(৫) প্রতিনিধি, র‍্যাব ফোর্সেস হেডকোয়ার্টার

(৬) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(৭) প্রতিনিধি, বাংলাদেশ রাইটার্স ক্লাব

(৮) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার সমিতি

(৯) প্রতিনিধি, এলসিএস গিল্ড, বাংলাদেশ

(১০) প্রতিনিধি, বাংলাদেশ মিউজিক ইন্ডাস্ট্রিজ ওনার্স এসোসিয়েশন।

(১১) প্রতিনিধি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক পরিবেশক সমিতি।

(১২) প্রতিনিধি, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি।

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি।

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ কপিরাইট এন্ড আইপি ফোরাম

সদস্য-সচিব

(১৫) রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস।

২। **টাস্কফোর্সেস কার্যক্রমের পরিধি (TOR) হবে নিম্নরূপ ঃ**

(ক) কপিরাইট আইনের আওতায় মেধাসত্ব তথা সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সংগীতকর্ম, শিল্পকর্ম, চলচ্চিত্র (ফিল্ম), শব্দ রেকর্ডিং, সম্প্রচার প্রোগ্রাম, কম্পিউটার প্রোগ্রাম ইত্যাদি সৃজনশীল কর্মের কপিরাইট লঙ্ঘন পাইরেসির মাধ্যমে প্রস্তুত, বিক্রি, বিতরণ ও সংরক্ষণের স্থানে অভিযান (অপারেশন) চালিয়ে পাইরেটেড অডিও ও ভিডিও ক্যাসেট, সিডি, ভিসিডি, ডিভিডি, সফ্টওয়্যার ও এর প্লেট জব্দ করা এবং এর প্রস্তুত ও বিক্রির সাথে জড়িত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে আইনের আওতায় সোপর্দ করা;

(খ) টাস্কফোর্স সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যে কোন কর্মকর্তা/ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে এবং অন্য কোন আইন প্রয়োগকারী সংস্থা বা সরকারি অফিস বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সহায়তা গ্রহণ করতে পারবে;

(গ) টাস্কফোর্সের অধিক্ষেত্র হবে সমগ্র বাংলাদেশ।

৩। ১০ নভেম্বর ২০০৮ তারিখের সবিম/শাখা-৩/২-১/৯৮/৬৯৯ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃংখলা-১ শাখা

আদেশ

তারিখ, ১৭ বৈশাখ ১৪২১/৩০ এপ্রিল ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩০.২০১২-৩৫৫—যেহেত ডাঃ মোঃ ওমর ফারুক গোলাম কিবরিয়া (৩৮৫৪০), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্রেক্স, শিবপুর, নরসিংদী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন কিন্তু তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ ওমর ফারুক গোলাম কিবরিয়া (৩৮৫৪০), জুনিয়র কনসালটেন্ট (অর্থো-সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদীকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৪-০৩-২০১১ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্টপতির আদেশক্রমে

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশ

তারিখ, ২ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫২.২০১৩-৪৩২—যেহেতু ডাঃ মোঃ শামছুল আলম (১২৬৫৪২), মেডিকেল অফিসার, বসন্তপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, রাজবাড়ী, বাড়বাড়ী থানার মামলা নং-২১, তারিখ ১৫-০৭-২০১৩ ধারা নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী) / ২০০৩ এর ১১ (গ) ৩০, জিআর-২৭২ / ১৩ এর চার্জশীটভুক্ত আসামী হিসেবে আইন শৃংখলা বাহিনী কর্তৃক গ্রেফতার হয়ে গত ১৫-০৭-২০১৩ তারিখ জেল হাজতে গমন করায় বাংলাদেশ সার্ভিস রুল (পার্ট-১) এর বিধি-৭৩ মোতাবেক তাঁকে সরকারি চাকুরি হতে ১৩-১০-২০১৩ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, রাজবাড়ী গত ২৯-০৯-২০১৩ তারিখের রায়ে তাঁকে মামলা থেকে বেকসুর খালাস প্রদান করেছেন;

সেহেতু, এক্ষণে ডাঃ মোঃ সামছুল আলম (১২৬৫৪২), মেডিকেল অফিসার, বসন্তপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, রাজবাড়ী এর ১৩-১০-২০১৩ তারিখের সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়-কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশাবলি

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২১/২ জুন ২০১৪

নং স্বাপকম/শৃংখলা-১/১-১৫৭/২০০৮-৪৩৩—যেহেতু ডাঃ মাহমুদ রিয়াদ (কোড-১১৩৪৮৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মাহমুদ রিয়াদ (কোড-১১৩৪৮৮), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১৫-০৬-২০০৮ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪২১/১ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪০.২০১২-৪৩৮—যেহেত ডাঃ মোঃ রফিকুল ইসলাম (কোড-৩৯৬৯১), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর দায়ে ০৪-০৯-২০১২ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪০.২০১২-৮৬০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন কিন্তু তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর প্রদানের প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(বি) বিধি মোতাবেক ডাঃ মোঃ রফিকুল ইসলাম (কোড-৩৯৬৯১) প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর-কে সরকারি চাকুরি হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪২১/২ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৩-৪৪৫—যেহেতু ডাঃ শাহরিয়ার মোঃ সাদেক (১০০৬৮৯৯৯), মেডিকেল অফিসার, লাউতা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বিয়ানীবাজার, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন কিন্তু তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ শাহরিয়া মোঃ সাদেক (১০০৬৮৯৯৯), মেডিকেল অফিসার, লাউতা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বিয়ানীবাজার, সিলেটকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৫-১১-২০০৯ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৫ আষাঢ় ১৪২১/৯ জুলাই ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৮.২০১২-৫৩৯—যেহেত ডাঃ গুল নেওয়াজ বেগম (৩৪৯০৪), প্রাক্তন লেকচারার, এনাটমি বিভাগ, শহীদ সোহরাওয়াদী মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে ১৫-০৫-২০১২ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৮.২০১২-৪৭০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ গুল নেওয়াজ বেগম (৩৪৯০৪), প্রাক্তন লেকচারার, এনাটমি বিভাগ, শহীদ সোহরাওয়াাদী মেডিকেল কলেজ, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২-১১-২০০৮ ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশাবলী

তারিখ, ২৬ মে ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-৩১৭—যেহেতু ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৫-০২-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৪-১৬৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫-০৫-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি এমএস (চক্ষু) কোর্সে ধারাবাহিকতা রক্ষার্থে বিনাবেতনে ছুটির আবেদন করেছিলেন। ধারাবাহিকভাবে শেষ পর্ব কোর্স সম্পন্ন না করলে তার ১ম ও ২য় পর্বের কোর্সসমূহ মূল্যহীন তথা বাতিল হয়ে পড়ত। তিনি এমএস (চক্ষু) শেষ পর্ব কোর্সে থাকাকালীন জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে একজন রেসিডেন্ট চিকিৎসক হিসাবে দায়িত্ব পালন করেছেন এবং পড়াশুনার পাশাপাশি হাসপাতালের বহিঃবিভাগে ও আন্তঃবিভাগে আগত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেছেন। তিনি গত ২ বছর কোন ধরনের বেতন-ভাতা উত্তোলন করেননি।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল কালাম আজাদ (৪৩৩৩৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

তারিখ, ১৮ মে ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৭.২০১৩-৪২৩—যেহেতু ডাঃ মোঃ সাইফুল ইসলাম (৩৬৪৮৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৫-০২-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৪.২০১৩-১৬৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রধান করেন এবং ১৫-০৫-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি Medical Law and Ethics ও Right and Privileges অনুযায়ী প্রাইভেট চেম্বারের রোগীর ব্যবস্থাপত্রে রোগী দেখার ক্ষেত্রে এবং বিভিন্ন ধরণের মেডিকেল সনদপত্র প্রদানের ক্ষেত্রে তার পূর্বতন পদবী ব্যবহার করেছেন। সরকারি কোন কাজে তিনি পূর্বতন পদবী ব্যবহার করেননি। তিনি Late fee দিয়ে গত ০৭-০৭-২০১৩ তারিখে তার বিএমডিসি রেজিস্ট্রেশন নবায়ন করেছেন। তিনি আগামী ০৫-১১-২০১৪ তারিখ পিআরএল-এ গমন করবেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ সাইফুল ইসলাম (৩৬৪৮৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

তারিখ, ২৮ মে ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২০০.২০১৩-৪২৭—যেহেতু ডাঃ উজ্জল মিত্র (৪৩৯৫২), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ১৬-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.২০০.২০১৩-২৬নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রধান করেন এবং ১৪-০৫-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি দীর্ঘদিন যাবত অসুস্থ। তার মেরুদন্ডে দুবার অপারেশন করা হয়েছে। তিনি দীর্ঘদিন দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন এবং শারীরিক অসুস্থতার কারণে কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। শারীরিক অসুস্থতার স্বপক্ষে তিনি ডাক্তারী সনদ ও কাগজপত্র উপস্থাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ উজ্জল মিত্র (৪৩৯৫২), সহকারী অধ্যাপক (চঃ দাঃ), নিউনেটলজি, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুননীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধির আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁকে অবিলম্বে চট্টগ্রাম মেডিকেল কলেজ যোগদানের জন্য বলা হল।

তারিখ, ৮ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৫.২০১৩-৪৬৫—যেহেতু ডাঃ মোঃ আবুল ফারেজ (৩৮৫০৮), ডেপুটি সিভিল সার্জন, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিমতে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে ২০-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৫.২০১৩-৩২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রধান করেন;

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আবুল ফারেজ (৩৮৫০৮), ডেপুটি সিভিল সার্জন, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

তারিখ, ৯ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩-৪৬৯—যেহেত ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), ইমার্জেন্সি মেডিকেল অফিসার (সাময়িকভাবে বরখাস্তকৃত), সদর হাসপাতাল, লালমনিরহাট (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৬-১১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩-৯৮৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে সেহেতু, ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, লালমনিরহাট এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

এক্ষণে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল।

এ. এম. বদরুদ্দোজা
অতিরিক্ত সচিব।

আদেশ

তারিখ, ৯ জুন ২০১৪

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৯.২০১৩-৪৭১—যেহেত ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (সহকারী অধ্যাপক, নিউনেটলজি বিভাগ হিসেবে এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটে বদলির আদেশাধীন) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু উক্ত বিভাগীয় মামলায় ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০) এর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৫(পাঁচ) বছরের জন্য স্থগিত করা এবং ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে উক্ত বেতন প্রাপ্য হবেন না মর্মে দণ্ডাদেশ আরোপ করা হয়।

যেহেতু উক্ত আদেশের বিরুদ্ধে ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০) কর্তৃক মহামান্য রাষ্ট্রপতি বরাবরে আপীল আবেদন দায়েরের প্রেক্ষিতে মহামান্য রাষ্ট্রপতি তাঁর আপীল আবেদন মঞ্জুর করতঃ বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য স্থগিত ও ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে উক্ত বেতন প্রাপ্য হবেন না মর্মে আদেশ প্রদান করেছেন;

এক্ষণে ডাঃ শিশির রঞ্জন দাস (৩৮৭৮০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে ৫(পাঁচ) বছরের পরিবর্তে পরবর্তী ৩(তিন) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. এম. বদরুদ্দোজা
অতিরিক্ত সচিব।

শৃঙ্খলা-২ শাখা

আদেশাবলী

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪২১/২৮ মে ২০১৪

নং স্বাপকম/শৃঙ্খলা-২/অভি-২১/২০০৭-১৭৩—যেহেতু, জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন(পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক জনাব মোহাম্মদ আবু জাফর, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর কক্সবাজার-কে সরকারি চাকুরি হতে 'বরখাস্ত (Dismissal from Service)' করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৭-০৯-২০০৫ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

তারিখ, ২৮ চৈত্র ১৪২১/১১ এপ্রিল ২০১৪

নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১২-১৭৫—যেহেতু ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম গত ০৯-০৯-২০০০ হতে ১১-০৯-২০০০ তারিখ পর্যন্ত মোট ৩(তিন) দিন নৈমিত্তিক ছুটি গ্রহণ করে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে গত ১২-০৯-২০০০ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১) এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারী করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানো আদেশ জারীর প্রস্তাব মাহমান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম এর চাকুরি অবসান (Ceased) করা হলো।

ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২-০৯-২০০৫ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশ

তারিখ, ২০ জ্যৈষ্ঠ ১৪২১/৩ জুন ২০১৪

নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০২.২০১৩-১৮২—যেহেতু, ডাঃ শাম্মীর আহমেদ (১২২১৭১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীশংকৈল, ঠাকুরগাঁও ০১-১০-২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন, তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয় বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন The Bangladedh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(c) অনুযায়ী ডাঃ শাম্মীর আহমেদ গত ০১-০৭-২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে ৬ মাস মেয়াদে এডহক নিয়োগপ্রাপ্ত। কমিশন কর্তৃক তাঁর চাকুরি নিয়মিত হয়নি। কাজেই সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(বি) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে শাস্তি আরোপ করতে পারে বলে কমিশন অভিমত প্রকাশ করেছে;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ শাম্মীর আহমেদ (১২২১৭১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীশংকৈল, ঠাকুরগাঁও-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির ০১-১০-২০১০ তারিখ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

আদেশ

তারিখ, ১ জুন ২০১৪

নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১১.২০১৩-১৭৭—যেহেতু ডাঃ আবুল খায়ের মোঃ সালাহ উদ্দিন ভুইয়া (১২১৭৯৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলায় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে সেহেতু, ডাঃ আবুল খায়ের মোঃ সালাহ উদ্দিন ভুইয়া (১২১৭৯৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারী হওয়ার তারিখ থেকে ১ (এক) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

এ. এম. বদরুদ্দোজা
অতিরিক্ত সচিব।

পার-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ ৩০ জুন ২০১৪

নং ৪৫.১৪৩.০২২.০০.০০.০০৪.২০১৩-৩৭৭—যেহেতু ডাঃ রাশেদ আল মামুন (১০২৭২৮২), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিধিবহির্ভূতভাবে সিভিল সার্জন, ঝিনাইদহ হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন;

২। এক্ষণে সেহেতু তাকে কর্তৃপক্ষের আদেশ অমান্য করে বিধিবহির্ভূতভাবে দায়িত্ব গ্রহণ করায় ১৫-০৬-২০১৪ খ্রিঃ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৩। তিনি প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এম. এম. নিয়াজউদ্দিন
সচিব।

জনস্বাস্থ্য-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ মে ২০১৪

নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-২)/১৪৩—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ১৩-০৯-২০১২ তারিখের জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮/২০০ নং প্রজ্ঞাপনমূলে গঠিত হার্বাল ঔষধ এডভাইজরী কমিটি যা অত্র মন্ত্রণালয়ের ০৭-০৪-২০১৪ তারিখের জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-২)/৮৫ নং প্রজ্ঞাপনের মাধ্যমে ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি হিসেবে ঘোষিত হয় উক্ত টেকনিক্যাল সাব কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হ'ল ঃ

সভাপতি

(১) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা

সদস্যবৃন্দ

(২) চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা

(৩) চেয়ারম্যান, ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) চেয়ারম্যান, ঔষধ প্রযুক্তি বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৫) চেয়ারম্যান, উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(৬) চেয়ারম্যান, ফার্মাকোলজী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৭) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৮) প্রতিনিধি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

(৯) সহকারী অধ্যাপক, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা।

(১০) প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা

(১১) বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ডের একজন প্রতিনিধি।

(১২) বাংলাদেশ হার্বাল প্রোডাক্ট ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশনের প্রতিনিধি।

(১৩) বাংলাদেশ হার্বাল মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশনের প্রতিনিধি।

সদস্য-সচিব

(১৪) পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

কমিটির কার্যপরিধি ঃ

(ক) বিশ্বের বিভিন্ন দেশে স্বীকৃত, প্রচলিত ও ব্যবহৃত হার্বাল ঔষধ বাংলাদেশে আমদানি, উৎপাদন ও বাজারজাতের নিমিত্ত নিবন্ধনের আবেদনসমূহে উল্লিখিত ঔষধের নিরাপত্তা, কার্যকারিতা ও উপযোগিতা মূল্যায়ন এবং সুপারিশ প্রদান;

(খ) হার্বাল ঔষধ এ্যাডভাইজরী কমিটির সুপারিশ ঔষধ নিয়ন্ত্রণ কমিটির অনুমোদন গ্রহণের পরিবর্তে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে কার্যকর করতে হবে;

(গ) হার্বাল ফার্মাকোপিয়া প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(ঘ) হার্বাল ঔষধ এডভাইজরী কিমিট ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব-কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুর রহিম
উপ-সচিব।

ক্রয় ও সংগ্রহ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জুন ২০১৪

নং ৪৫.১৬৫.০৫২.০১.০০.০০১.২০১৪-২৪৮—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য স্থাপনাসমূহের জন্য চিকিৎসা যন্ত্রপাতি, ঔষধপত্র ও অন্যান্য সামগ্রী ক্রয়ের বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা) কে আহ্বায়ক করে গঠিত কমিটির সুপারিশসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি Action কমিটি গঠন করা হলো ঃ

আহ্বায়ক

(ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(খ) পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।

(গ) যুগ্ম-সচিব (হাসপাতাল ও নার্সিং), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ঘ) পরিচালক, নিমিউ, মহাখালী, ঢাকা।

(ঙ) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(চ) লাইন ডাইরেক্টর, ইএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(ছ) পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরানবাজার, ঢাকা।

সদস্য-সচিব

(জ) সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

কমিটির কার্যপরিধি ঃ

(১) প্রান্তিক ব্যবহারকারীর চাহিদার ভিত্তিতে যন্ত্রপাতি ক্রয় নিশ্চিতকরণ;

(২) সিএমএসডি এবং বিভিন্ন স্বাস্থ্য স্থাপনায় অব্যবহৃত বাক্সবন্দী যন্ত্রপাতি দ্রুত স্থাপনে ব্যবস্থা গ্রহণ;

(৩) সিএমএসডিতে এবং অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা ২,৯০,২২,০০০ পিস কনডম এবং ২৬,০০০ টি মশারিসহ বিভিন্ন ঔষধপত্র ও সরঞ্জামাদি দ্রুত প্রয়োজন অনুসারে বিভিন্ন স্বাস্থ্য স্থাপনায় বিতরণের ব্যবস্থা গ্রহণ;

(৪) কমিটির অন্যান্য সুপারিশ বাস্তবায়ন;

(৫) কাজের অগ্রগতি প্রতি দুই সপ্তাহ অন্তর অন্তর মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিতকরণ এবং পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা গ্রহণ;

(৬) প্রাথমিকভাবে কমিটির মেয়াদ হবে ৩ (তিন) মাস। প্রয়োজনে কমিটির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রেজওয়ানুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

চিকিৎসা শিক্ষা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ জুন ২০১৪

নং স্বাপকম/চিশি-১/কুর্মিটোলা জেঃ হাসঃ-০১/২০১৪-৩৩৮—আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপকগণকে কুর্মিটোলা জেনারেল হাসপাতালে রোগীদের চিকিৎসা সেবা ও ইন্টার্নী চিকিৎসকদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক চুক্তির বিষয়ে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

সভাপতি

(ক) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সদস্যবৃন্দ

(খ) পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(গ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(ঙ) অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি

(চ) ডিজিএমএস-এর একজ প্রতিনিধি

(ছ) এএফএমসি-এর একজন প্রতিনিধি

(জ) সেনা সদর চিকিৎসা পরিদপ্তরের একজন প্রতিনিধি

(ঝ) আর্মড ফোর্সেস ডিভিশন-এর একজন প্রতিনিধি

সদস্য-সচিব

(ঞ) পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল।

২। উক্ত কমিটি আলোচনা ও পর্যালোচনা করে সমঝোতা স্মারক চুক্তির বিষয়ে সহযোগিতা করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহফুজা আকতার
সিনিয়র সহকারী সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

পুলিশ অধিশাখা-১

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৭ জুলাই ২০১৪

নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৬.১৪-৫৬২—যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান, পুলিশ সুপার, মুন্সিগঞ্জ, বর্তমানে পুলিশ অধিদপ্তরে রির্পোটকৃত এর বিরুদ্ধে গত ২২-০৩-২০১৪ তারিখে ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচনের মালামাল প্রিজাইডিং অফিসারদের বুঝিয়ে দেয়ার সময় গজারিয়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে নির্বাচনের আইন-শৃঙ্খলার দায়িত্বপ্রাপ্ত এএসআই এমদাদ কর্তৃক পছন্দমত গাড়ী না পেয়ে নির্বাচনী কাজে ব্যবহৃত কাগজপত্র ছিড়ে ফেলা, উপজেলা নির্বাহী অফিসার, তথা সহকারী রিটার্নিং অফিসারের জামার কলার ধরে টানা-হেঁচড়া করা ও কিলঘুষি মারা, কোমরে থাকা পিস্তল ও পুলিশের পোশাক দেখিয়ে মেরে ফেলার হুমকি প্রদান করা ইত্যাদি অভিযোগের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ওসি, মামলা নিতে অস্বীকার করা মামলা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ২৪-০৩-২০১৪ তারিখ অপরাহ্নের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। উল্লিখিত বিষয়ে মামলা গ্রহণের জন্য গত ২৩-০৩-২০১৪ খ্রিঃ অতিরিক্ত সচিব (পুলিশ) টেলিফোনে তাঁকে নির্দেশনা প্রদান করা সত্বেও মামলা গ্রহণ না করা, ভিকটিম কর্তৃক মামলা করার ইচ্ছার পরিপ্রেক্ষিতে মামলা গৃহীত হওয়া একান্ত আবশ্যক বিবেচনা করে সংশ্লিষ্ট আইনের ধারায় জরুরি ভিত্তিতে মামলাটি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য ২৭-০৩-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০. ০৯৮.০৮.০০১.১৩-১৩৫ নম্বর স্মারকে তাঁকে পুনরায় নির্দেশ দেয়া হয়। তথাপি তিনি এএসআই এমদাদের বিরুদ্ধে মামলা নেয়ার প্রয়োজনীয় নির্দেশ না দিয়ে সরকারি নির্দেশ অমান্য করাসহ একজন ভিকটিম কর্তৃক স্বাভাবিক আইনী প্রতিকার চাওয়ার মৌলিক অধিকারকে ক্ষুণ্ন করেছেন বিধায় উল্লিখিত ঘটনার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারী করা হলে নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও জবাব দাখিল না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও দুর্নীতির' অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন ও সার্বিক অবস্থা পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণের' অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এক্ষেত্রে 'গুরুদণ্ড' প্রদান যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হওয়া সত্বেও অপেক্ষাকৃত জুনিয়র কর্মকর্তা হিসাবে তাঁর উর্দ্ধতন কর্মকর্তাদের 'নির্দেশ' বা 'চাপ' তাঁকে মন্ত্রণালয়ের আদেশ উপেক্ষা করতে বাধ্য করে থাকতে পারে যা শুনানীকালে স্পষ্ট হওয়ায় তাঁকে 'গুরুদণ্ডের' পরিবর্তে উল্লিখিত অভিযোগে 'লঘুদণ্ড' প্রদান করা বিবেচনাপ্রসূত হবে বলে প্রতীয়মান।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোঃ হাবিবুর রহমান, পুলিশ সুপার, মুন্সিগঞ্জ, (বর্তমানে পুলিশ অধিদপ্তরে রিপোর্টকৃত)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(২)(বি) বিধি অনুসারে এই বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক 'টাইম স্কেলের নিম্নস্তরে' নামাইয়া দেওয়ার (উল্লেখ্য তাঁর বেতন স্কেল ২২,২৫০-৯০০×১০-৩১২৫০/- মূল বেতন ২৪,৯৫০/-) দন্ড প্রদান প্রদান করা হল। এই লঘুদণ্ড আগামী ২(দুই) বছরের জন্য বলবৎ থাকবে। এই সময়কালে তাঁর বার্ষিক বেতনবৃদ্ধি (Increment) বন্ধ থাকবে। দণ্ডের মেয়াদ শেষে স্বাভাবিক নিয়মে তিনি বেতন সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং স্বম(পু-১)/ব্যক্তিগত-১৩/২০১১-৫৬৩—যেহেতু, জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম, সহকারী পুলিশ কমিশনার (সদর), আরএমপি, রাজশাহী, বর্তমানে সাময়িক বরখাস্ত এবং আরএমপি সদর দপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ ও রাজপাড়া থানার অফিসার ইনচার্জ-কে অবহিত না করে অন্যায় লাভের উদ্দেশ্যে ফোর্সসহ রাজপাড়া থানাধীন ভাটাপাড়া মিঠুর মোড়ে জনৈক ডাঃ আব্দুর রফিক বসুনিয়ার বাড়িতে অবৈধভাবে প্রবেশ করে ৪ ট্রাক অবৈধ ইন্ডিয়ান রসুন মজুদ রাখার অভিযোগে ভ্রাম্যমাণ আদালত ডেকে তার বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণ করার হুমকিসহ ভয়ভীতি দেখিয়ে ১,০০,০০০ (এল লক্ষ) টাকা গ্রহণ করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতির' অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ বিবরণী, অভিযোগনামা, তদন্ত রিপোর্ট, সাক্ষ্য প্রমাণ, জবানবন্দী ইত্যাদি পর্যালোচনা করা হল। অভিযুক্ত কর্মকর্তা এখতিয়ার বিহীনভাবে এধরনের কথিত অবৈধ পণ্যসামগ্রী উদ্ধারের নাম করে অভিযোগকারীর বাসস্থানে যান। তাঁর অধস্তন কর্মকর্তা ও উক্ত কথিত উদ্ধার অভিযানে সাহায্যকারী এসআই মাসুদ রানা অভিযোগকারী ডাঃ বসুনিয়া থেকে ০১ (এক) লক্ষ টাকা গ্রহণ করেন মর্মে স্পষ্ট সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়। পরবর্তীতে জানাজানি হওয়ার ফলে টাকাটি অভিযোগকারীকে ফেরত দেয়ার প্রমাণও প্রতিবেদনে উল্লেখিত আছে। অসৎ উদ্দেশ্যে অভিযুক্ত কর্তৃক কথিত ভারতীয় রসুন উদ্ধারের নামে অভিযোগকারীর বাড়ীতে অভিযান পরিচালনা পারিপার্শ্বিক সাক্ষ্যপ্রমাণে প্রমাণিত। তবে অভিযুক্তকারীর বিরুদ্ধে আনীত অভিযোগ যিনি দায়ের করেছেন তদন্তকারী কর্মকর্তার নিকট তিনি কোন সাক্ষ্য প্রদান করেনি। এতে মামলা অনেকাংশে দুর্বল হয়ে গেছে বলে প্রতীয়মান হচ্ছে। এছাড়াও অভিযুক্তের বিরুদ্ধে যে ফৌজদারী মামলা আনয়ন করা হয়েছিল তাও বিজ্ঞ আদালত কর্তৃক বেকসুর খালাস প্রদান করা হয়েছে। সার্বিক দিক বিবেচনা করে অভিযুক্তকে Benefit of doubt প্রদান করা যুক্তিযুক্ত হবে বলে প্রতীয়মান।

৪। সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম, সহকারী পুলিশ কমিশনার (সদর), আরএমপি, রাজশাহী, বর্তমানে সাময়িক বরখাস্ত এবং আরএমপি সদর দপ্তরে সংযুক্ত-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ০৩(তিন) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ডে দণ্ডিত করা হল এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২৪-০৮-২০১১ তারিখের স্বম(পু-১)/ব্যক্তিগত-১৩/২০১১-৬৯৯ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হল। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল। উল্লেখ্য তাঁর উপর আরোপিত দণ্ড শেষে স্বাভাবিক নিয়মে তিনি বেতন ভাতাদি প্রাপ্য হবেন। এতদসংক্রান্তে আদেশ জারীর তারিখ থেকে উক্ত দণ্ড ৩(তিন) বছরের জন্য কার্যকর হবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সি কিউ কে মুসতাক আহমদ
সিনিয়র সচিব।

উপদেষ্টা বোর্ড

প্রজ্ঞাপন

তারিখ, ৬ জুলাই ২০১৪

নং স্বঃমঃ/উঃ বোঃ/২/৯৭/৩৩—বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এর ৯ নং ধারার (২) ও (৩) উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে উক্ত আইনের উদ্দেশ্যাবলী অর্জনের নিমিত্ত সরকার এ মন্ত্রণালয় হইতে ১২/১১/২০১৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-স্বঃমঃ/উঃবোঃ/২/৯৭/২৯ পরিবর্তনপূর্বক নিম্নরূপ উপদেষ্টা বোর্ড (Advisory Board) পুনর্গঠন করিলেন ঃ

সভাপতি

(১) জনাব জিনাত আরা, মাননীয় বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

সদস্যবৃন্দ

(২) জনাব এম, মোয়াজ্জাম হোসেন, মাননীয় বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

(৩) জনাব এম. এ. এন. ছিদ্দিক, সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা।

২। বর্ণিত বোর্ডের ৩ ক্রমিকে উল্লেখিত সদস্য জনাব এম. এ. এন. ছিদ্দিক, সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা-এর ছুটিকালীন বিকল্প (Leave substitute) হিসাবে জনাব মোঃ আবদুল মাবুদ, মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর-কে নিয়োগ প্রদান করিলেন।

৩। উপদেষ্টা বোর্ডের সম্মানিত সদস্যবর্গ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে এতদ্বারা অর্পিত দায়িত্ব পালন করিবেন। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব।

আইন অধিশাখা-৩

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৬ জুলাই ২০১৪

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-২০২—কুমিল্লা জেলার দাউদকান্দি মডেল থানার মামলা নং-৪০, তারিখ ২৭-১১-২০১৩, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(অ)(আ)(উ)/১২ ধারার মামলাটিতে আসামি মোঃ শাহপরান (২০), পিতা মোঃ ইউনুস, সাং মুরাদনগর মধ্যপাড়া, থানা চান্দিনা, জেলা কুমিল্লা গং দাউদকান্দি থানাধীন ঢাকা-চট্টগ্রাম মহসড়কের ইলিয়টগঞ্জ বাজারের সিএনজি স্ট্যান্ডের সামনে গত ২৭-১১-১৩ তারিখে বেলা ১১.৩০ ঘটিকার সময় বিএনপি ও জামায়েতে ইসলামী সহ ১৮ দলের অবরোধ পালনকারী ধৃত আসামিসহ ও অজ্ঞাতনামা ১০০/১৫০ জন রাস্তায় কাঠের গুড়ি, ইট ইত্যাদি ফেলে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ব্যারিকেড দিয়ে যান চলাচল বন্ধ করে দেয় ও যানবাহনের গ্লাস ভাংচুর করে। তখন যান চলাচলের জন্য রাস্তার ব্যারিকেড অপসারণের চেষ্টা করলে উক্ত পিকেটাররা পুলিশের উপর জঙ্গী কায়দায় দেশীয় অস্ত্র সজ্জিত হয়ে আক্রমন করে এবং জনমনে ত্রাস সৃষ্টির মাধ্যমে সন্ত্রাসীকার্য সংঘটন করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(অ)(আ)(উ)/১২ ধারার অপরাধ করেছেন। আসামী মোঃ শাহ্পরান (২০), পিতা মোঃ ইউনুস, সাং মুরাদনগর মধ্যপাড়া, থানা চান্দিনা, জেলা কুমিল্লা গংদের বিরুদ্ধে সন্ত্রাসী কার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদদ্বারা প্রদান করা হ'ল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-২০৩—কুমিল্লা জেলার দাউদকান্দি মডেল থানার মামলা নং-১৫, তারিখ ১২-০৮-২০১৩, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(ক)(খ)/১২ ধারার মামলাটিতে আসামি মোখলেছুর রহমান গং ০৫ লিটার প্রেট্রোল, ১ টি দিয়াশলাই, ২টি জর্দার কোটা সাদৃশ্য হাত বোমা, তিন কাটা বিশিষ্ট ধারালো ২০ টি টেটা, ০২ টি ছোরা ও অন্যান্য দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে দাউদকান্দি থানাধীন ষোলপাড়া গ্রামস্থ আব্দুল লতিফ প্রকাশ জামাই লতিফ তাঁর শশুর মহিউদ্দিনের বসত বাড়ীর উঠানে জামায়াতে ইসলামী কর্তৃক ঘোষিত ১৩/১৪ আগস্টের হরতাল উপলক্ষে রাষ্ট্রের সম্পদ ভাংচুর এবং ধ্বংশযজ্ঞের পরিকল্পনা করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(ক)(খ)/১২ ধারার অপরাধ সংঘটন করেছেন। আসামি মোখলেছুর রহমান (৪০), পিতা আঃ কাদের, সাং চরমাহমুদি (পাঁচআনি), থানা দাউদকান্দি, জেলা কুমিল্লা গংদের বিরুদ্ধে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদদ্বারা প্রদান করা হ'ল।

তারিখ, ৩ জুলাই ২০১৪

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৩-২০৪—কুমিল্লা জেলার দেবিদ্বার থানার মামলা নং-১০, তারিখ ০৯-১২-২০১৩, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৬(২)(অ)(ই) /১০/১১/১২ ধারার মামলাটিতে গত ৯-১২-২০১৩ তারিখ অনুমান ৪০:৩৫ ঘটিকার সময় বারেরা ফুলগাছ তলা নামক স্থানে জামায়াতে ইসলামী কর্তৃক আহুত হরতাল সমর্থক আসামীগণসহ ৩০/৩২ জন জামায়াত শিবির কর্মী অতর্কিতভাবে একটি ট্রাক নং-ঢাকা মেট্রো ট-১৪-৫৪৩৭ আক্রমন করতঃ পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয় এবং স্বাভাবিক যানবাহন চলাচলের ব্যাঘাত সৃষ্টি করে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী ২০১৩) এর ৬(২)(অ)(ই)/১০/১১/১২ ধারার অপরাধ করেছেন। আসামি হাবিবুর রহমান (৩৬), পিতা মিজানুর রহমান, সাং প্রজাপতি, থানা বুড়িচং, জেলা কুমিল্লা গংদের বিরুদ্ধে দেশে অরাজকতা সৃষ্টি করার লক্ষ্যে সন্ত্রাসীকার্য সংঘটনের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ধারা ৪০ এর উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদদ্বারা প্রদান করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খায়রুল আলম সেখ
উপ-সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৩ জুন ২০১৪

নং ৪৬.০৮৫.০১৮.০১.০০.০০৬.২০১১(অংশ-১)-৪৬৮—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোহাম্মদ শাহজাহান খান, সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-কে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিত্বকারী হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হল। তিনি জনাব মোঃ সবুর খান-এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০৮৫.০১৮.০১.০০.০০৬.২০১১(অংশ-১)-৪৬৯—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঝ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব আবদুল জলিল ভূঁইয়া, মহাসচিব, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন-কে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক-এর প্রতিনিধিত্বকারী হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হল। তিনি জনাব ওমর ফারুক-এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুলতানা ইয়াসমীন
সিনিয়র সহকারী সচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

আদেশ

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৪

নং আর-৬/৭এন-৩৭/২০১৪-১২২০—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট মোঃ আনোয়ার হোসেন, পিতা মৃত আব্দুস সাত্তার তালুকদারকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্ন বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মিজানুর রহমান খান
উপ-সচিব (প্রশাসন)।

আদেশ

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১৪

নং আর-৬/৭এন ৪০/২০১৪-১২৪৩—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট আফসানা ওয়াহাব (ফেরদৌসী), স্বামী আব্দুল ওয়াহাব, মাতা-মৃত সফুরা সালেহকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ আমিনুল ইসলাম
উপ-সচিব (প্রশাসন)।

বিচার শাখা-৭

আদেশ

তারিখ, ২৮ সেপ্টেম্বর ২০১৪

নং বিচার-৭/২এন-০৮/২০১৪-৪৭০—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আনোয়ারুল আজীম মজুমদার,

পিতা মৃত এ, এন, এম, আব্দুর গফুর মজুমদার, মাতা নুরজাহান বেগম, ঠিকানা ২য় কান্দিরপাড়, হোল্ডিং নং-৫৬২, লাকসাম রোড, কুমিল্লা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

মুহাম্মাদ লুৎফুল মজীদ নয়ন
সিনিয়র সহকারী সচিব (ভারপ্রাপ্ত)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩

আদেশ

তারিখ, ১৬ সেপ্টেম্বর ২০১৪

নং ৪৬৩-বিচার-৩/১পি-০১/২০০৪—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, শৃংখলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর বিধি ৪ এর উপ-বিধি (৪) অনুযায়ী বিদ্যমান বিশেষ অবস্থার প্রেক্ষিতে ক্রান্তিকালীন সাময়িক ব্যবস্থা হিসেবে ১ আগস্ট, ২০১৪ খ্রিঃ হতে ৩১ জুলাই, ২০১৫ খ্রিঃ পর্যন্ত ০১(এক) বছরের জন্য জেলা জজ/সমপর্যায়ের বিচারক, অতিরিক্ত জেলা জজ/সমপর্যায়ের বিচারক ও যুগ্ম জেলা জজ/সমপর্যায়ের বিচারক পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত উক্ত বিধিমালার তফসিলের প্রথম অংশে উল্লিখিত জেলা জজ/অতিরিক্ত জেলা জজ ও যুগ্ম জেলা জজ পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা নিম্নরূপভাবে শিথিল করল ঃ

ক্রমিক নং	পদের নাম	বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, শৃংখলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর ৪ বিধির উপ-বিধি (৪) এর আলোকে শিথিল করতঃ প্রয়োজনীয় যোগ্যতা
(১)	জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক পদে ১(এক) বৎসর ৬(ছয়) মাসের অভিজ্ঞতাসহ সর্বমোট ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা।
(২)	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক	যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক পদে ৬(ছয়) মাসের অভিজ্ঞতাসহ সর্বমোট ০৮ (আট) বছরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩)	যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক	সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারক পদে ৬(ছয়) মাসের অভিজ্ঞতাসহ সর্বমোট ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।

রাষ্টপতির আদেশক্রমে

মিজানুর রহমান খান
উপ-সচিব (প্রশাসন)।